সমকাল

তারিখ : 04 AUG 2016
পৃষ্ঠা : ৪ কলাম : ৮

# প্রাথমিকের উপবৃত্তি বিতরণে অনিয়ম তদন্তে ১১ কর্মকর্তা

■ সমকাল প্রতিবেদক

প্রাথমিক স্তরের উপবৃত্তির টাকা বিতরণে গুরুতর অনিয়ম ধরা পড়েছে। দেশের ২০টি জেলার অন্তত ২৫ উপজেলায় বৃত্তি বিতরণে অনিয়মের বেশ কিছু ঘটনা নজরে আসায় বিষয়টি তদন্তে ১১ কর্মকর্তাকে দায়িত্ব দিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। গত মঙ্গলবার এ বিষয়ে অফিস আদেশ জারি করা হয়।

উপসচিব নেছার আহমদ স্বাক্ষরিত এ আদেশে ১১ কর্মকর্তাকে আগামী ১০ কর্মদিবসের মধ্যে সরেজমিন তদন্ত করে দায়ী ব্যক্তিদের চিহ্নিত ও ভবিষ্যৎ করণীয় নির্ধারণে প্রয়োজনীয় সুপারিশসহ প্রতিবেদন সচিবের কাছে জমা দিতে বলা হয়েছে। প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রদান প্রকল্পের টাকা বিতরণে অনিয়মের বিষয়ে বিভিন্ন জাতীয় দৈনিকে খবর প্রকাশিত হওয়ার পর এ সিদ্ধান্ত নেওয়া হলো। প্রকাশিত সংবাদগুলোতে বলা হয়েছে, স্কুল কর্তৃপক্ষ নানা অজুহাতে শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা থেকে কেটে রাখছে, উপবৃত্তির কার্ডে স্বাক্ষরের জন্য নেওয়া হচ্ছে অর্থ।